# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 31 May, 2025

একদিনে তিনটি বিতর্কিত ঘটনার অভিযোগ এনে কড়া সমালোচনা করেছেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাদিক কায়েম।শুক্রবার (৩০ মে) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেয়া এক ভিডিও বার্তার ক্যাপশনে তিনি ছাত্রদলের সাম্প্রতিক কর্মকাণ্ডকে 'নব্য ফ্যাসিস্ট আচরণ' হিসেবে আখ্যায়িত করেন।

সাদিক কায়েম অভিযোগ করেন, ফরিদপুরের নগরকান্দায় ইভটিজিংয়ের প্রতিবাদ করায় বৈশাখি নামের এক ছাত্রীকে রাস্তাতে ফেলে মারধর করছে ছাত্রদলের নেতাকর্মীরা।আদাবর থানায় এক নারীকে প্রকাশ্যে জিন্দেগি বরবাদ করে দেয়ার হুমকি দিয়েছে বিএনপির এক নেতা। শেকৃবিতে ছাত্রদলের প্রোগ্রাম না করায় দুই ছাত্রীকে জোরপূর্বক হল ছাড়ার নির্দেশ ও হুমকি দিয়েছে ছাত্রদল নেত্রী।

তিনি আরও বলেন, নারীর নিরাপত্তাই যাদের কনসার্ন, তাদের এই প্রত্যেকটা ঘটনাই এড্রেস করার কথা ছিল।তা না করে কেবল সিলেক্টিভ কেইসকে কেন্দ্র করে ছাত্রশিবিরের বিরুদ্ধে মব ক্রিয়েট করা একথাই স্পষ্ট করে 'নারীর নিরাপত্তা' নয়; বরং রাজনৈতিক স্বার্থই আপনাদের কাছে মূখ্য।

তিনি আরও দাবি করেন, আমরা দেখেছি কুয়েটে, তিতুমীর কলেজে, সোহরাওয়ার্দী কলেজ, গ্রাফিক্স আর্ট কলেজ, কক্সবাজার পলিটেকনিক, ঢাকা পলিটেকনিক, শ্রীপুর কলেজ, তামিরুল মিল্লাতসহ দেশের বিভিন্ন শিক্ষাঙ্গনে ছাত্রদল অব্যাহত সন্ত্রাসী কার্যক্রম চালিয়ে গেছে।তার ধারাবাহিকতায় আজ শেকৃবিতে দলীয় প্রোগ্রামে না যাওয়ায় নিষিদ্ধ ছাত্রলীগীয় কায়দায় দুই ছাত্রীকে হল ছাড়ার হুমকি দিয়েছে।

শেষে তিনি হুঁশিয়ার করে বলেন, ক্ষমতায় না আসতেই যারা নব্য ফ্যাসিস্ট হওয়ার পায়তারা করছেন আপনাদের পরিণতিও ভালো হবে না। জান-জীবনের উপর কারো জোরপূর্বক নিয়ন্ত্রণ বরদাশত করা হবে না।

বিতর্কিত ঘটনা ছাত্রদল বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:26

URL: https://www.timestodaybd.com/public/national/7758073173